

2019

B.A. (Hons.)

2nd Semester Examination

BENGALI

Paper – C4T

Full Marks : 60

Time : 3 Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

বিভাগ-ক

- ১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- (ক) চৈতন্যভাগবতের আদিখণ্ডের শেষ অধ্যায়ের নাম কি?
এটি কততম অধ্যায়? ১+১
- (খ) নিত্যানন্দের জন্মস্থান কোথায়? তাঁর পিতামাতার নাম
কি? ১+ $\frac{৩}{৩}$ + $\frac{৩}{৩}$
- (গ) চৈতন্যভাগবত কয়টি খণ্ডে বিভক্ত? প্রত্যেক খণ্ডে কতগুলি
করে অধ্যায় আছে? ১+১
- (ঘ) শাতপ্রহরীয়া ভাব কী? ২
- (ঙ) “সরস্বতীমন্ত্রের একান্ত উপাসক।
মন্ত্র জপি সরস্বতী করিলেক বশ।।”

[Turn Over]

—কার সম্পর্কে এ কথা বলা হয়েছে? কোন অধ্যায়ে এ
কথা বলা হয়েছে? অধ্যায়টির নাম কী? ১+ +

(চ) গুজরাট নগর পত্তনের পর দেবীর কাছে কালকেতু কী
প্রার্থনা করেছিল? এই প্রার্থনা শুনে দেবী কাকে স্মরণ
করেন? ১+১

(ছ) “জানু ভানু কৃশানু শীতের পরিত্রাণ”—কার উক্তি? জানু,
ভানু, কৃশানু শব্দগুলির অর্থ লেখো। + + +

(জ) “আছিলাম একাকিনী বসিয়া কাননে।
আনিয়াছে তোর স্বামী বান্ধি নিজগুণে।।”
—কে কাকে বলেছে? স্বামীর নাম কি? + +১

(ঝ) পশুরা দেবী চণ্ডীর কাছে কোন দুঃখ নিবেদন করেছিল?
সেই দুঃখ নিবারণের জন্য চণ্ডী কোন উপায় অবলম্বন
করেছিলেন? ১+১

(ঞ) “সোনা-রূপা নহে বাপা এ বেঙ্গা পিতল।
ঘসিয়া মাজিয়া বাপু করেছ উজ্জ্বল।।”
—কার উক্তি? কোন প্রসঙ্গে এ কথা বলা হয়েছে?
১+১

(ট) ভবানন্দ মজুমদার কে? তার দুই স্ত্রীর নাম লেখো।

- (ঠ) অন্নদামঙ্গলের গ্রন্থসূচনায় দেবী অন্নদার অনেকগুলি নামের কথা বলা হয়েছে। তার মধ্যে যে কোনো চারটি নাম লেখো। ×৪
- (ড) 'শিবনামাবলী' তে শিবের যে সমস্ত নামের কথা বলা হয়েছে তার মধ্যে চারটি নাম লেখো। ×৪
- (ঢ) কুবেরের অনুচরের নাম কী? তার স্ত্রীর নাম কী? পরবর্তী জন্মে তারা কোন কোন নামে পরিচিত হন?
- + + +
- (ণ) কুকথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ।
কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ।।
—অস্তনিহিত অর্থ লেখো। ২

বিভাগ-খ

- ২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০
- (ক) গৌরঙ্গ অবতারের হেতু সম্পর্কে বৃন্দাবন দাসের বক্তব্য তোমার নিজের ভাষায় লেখো।
- (খ) টীকা লেখো : হরিদাস ঠাকুর
- (গ) “গঙ্গার সহিত ভগবতীর কলহ” অবলম্বনে বিবদমান দুই দেবীচরিত্রের পরিচয় দাও।
- (ঘ) “কালকেতুর ভোজন” অবলম্বনে হাস্যরস সৃষ্টিতে মুকুন্দরামের কৃতিত্ব নিরূপণ করো।

[Turn Over]

(ঙ) দক্ষ কে? শিবের দক্ষযজ্ঞ বিনাশের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।

(চ) টীকা লেখো : ঈশ্বরী পাটনী

বিভাগ-গ

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) “শ্রীচৈতন্যের শৈশব ও যৌবনের জীবনকথার মানবিক দিকটির রূপায়ণে বৃন্দাবন দাসের কৃতিত্ব সর্বাধিক”
—আলোচনা করো।

(খ) ‘ফুল্লরা’ চরিত্র চিত্রণে মুকুন্দরামের বিশেষত্ব নিরূপণ করো।

(গ) “ভারতচন্দ্র যুগসন্ধিক্ষণের কবি”—মন্তব্যটি বিশ্লেষণ করো।

(ঘ) “অন্নদামঙ্গল কাব্যে দেবদেবী উপলক্ষ—কবির লক্ষ্য সজীব মানুষ”—মন্তব্যটি সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো।
